**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রকল্প পরিচালকের দপ্তর
"বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে
শক্তিশালীকরণ-২য় পর্যায় (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.২৩৯.২৫.০০১.২৫-৮৬

১৪ জ্যৈষ্ঠ ১৪৩২
তারিখ:--------------------
২৮ মে ২০২৫

## বৈদেশিক মাস্টার্স ফেলোশীপে দরখাস্ত আহ্বানের মেয়াদ বৃদ্ধির বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ অর্থবছরে "বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণ-২য় পর্যায় (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় "বৈদেশিক মাস্টার্স ফেলোশীপের জন্য" বিসিএস ক্যাডার কর্মকর্তাগণের নিকট থেকে দরখাস্ত আহ্বানের সময়সীমা **৩০.০৬.২০২৫** পর্যন্ত বর্ধিত করা হয়েছে। নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**আবেদনকারীগণের জন্য প্রয়োজনীয় শর্তাবলী ও নির্দেশনা:**

১) আবেদনকারীগণের ক্ষেত্রে 'জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩' প্রযোজ্য হবে।

২) আবেদনপত্রের সংগে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত Unconditional Offer Letter (Full time) সংযুক্ত করতে হবে। এক্ষেত্রে Times Higher Education এর সর্বশেষ World University Ranking 2025 (overall)-এ উল্লিখিত University-সমূহের মধ্যে ৩০০ পর্যন্ত র‍্যাংকিং এর University হতে Unconditional Offer Letter প্রাপ্ত কর্মকর্তাগণের আবেদন বিবেচ্য হবে।

৩) আবেদনের শেষ তারিখ পর্যন্ত কার্যকর (valid) TOEFL IBT/IELTS (Academic) স্কোর থাকতে হবে। আবেদনকারীগণের IELTS-এ ন্যূনতম স্কোর ৬.০ হতে হবে (Individual Band Score সর্বোচ্চ ১ টি ৫.৫ গ্রহণযোগ্য)। তদ্রুপ TOEFL-এ সমমান প্রাপ্তগণও বিবেচ্য হবেন।

৪) মাস্টার্স প্রোগ্রামে আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) বছর পর্যন্ত।

৫) চাকরিতে প্রবেশের পরে দেশে ও বিদেশে প্রেষণে/শিক্ষা ছুটিতে মাস্টার্স সম্পন্ন করে থাকলে, এ প্রকল্পের আওতায় দ্বিতীয় বৈদেশিক মাস্টার্সের জন্য বিবেচিত হবেন না।

৬) মাস্টার্স কোর্সের জন্য আবেদনকারীকে ন্যূনতম স্নাতক ডিগ্রীধারী হতে হবে।

৭) বিজ্ঞপ্তিতে উল্লিখিত র‍্যাংকিংধারী বিশ্ববিদ্যালয়ের নিকট থেকে Tuition Waiver (আংশিক/পূর্ণ) প্রাপ্ত কর্মকর্তাগণকে অন্যান্য শর্তাদি (নির্বাচন প্রক্রিয়া) প্রতিপালন সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

৮) চূড়ান্তভাবে নির্বাচিত/মনোনীত কর্মকর্তাগণের অধ্যয়নের বিষয়/বিশ্ববিদ্যালয় (Times Higher Education) এর-উচ্চতর Ranking এর ক্ষেত্রে প্রযোজ্য)/কোর্স-সেশন সর্বোচ্চ একবার যৌক্তিক কারণে পরিবর্তনযোগ্য। চূড়ান্তভাবে নির্বাচিত/মনোনীত প্রার্থীগণকে আবশ্যিকভাবে নির্ধারিত বিশ্ববিদ্যালয় ও নির্ধারিত সেশনে অংশগ্রহণ করতে হবে। এক্ষেত্রে, প্রার্থীর ব্যক্তিগত কোন কারণে নির্ধারিত কোর্সে, নির্ধারিত সেশনে অংশগ্রহণে ব্যর্থ হলে মনোনীত প্রার্থীর মনোনয়ন সরাসরি বাতিল বলে গণ্য হবে। পরবর্তীতে উক্ত প্রার্থী ভবিষ্যতে এ প্রকল্পের আওতায় সকল প্রকার দীর্ঘমেয়াদী প্রশিক্ষণে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

৯) বৈদেশিক মাস্টার্স ডিগ্রিতে মনোনীত কর্মকর্তাগণ কাঙ্ক্ষিত অধ্যয়ন শেষে দেশে ফিরে ন্যূনতম ০২ বছর দেশে কর্মজীবন অতিবাহিত করবেন মর্মে দুই জন উপযুক্ত সাক্ষীর স্বাক্ষরসহ নির্ধারিত ফরমে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে বন্ড প্রদান করবেন।

১০) বর্ণিত মাস্টার্স বাধ্যতামূলকভাবে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের On Campus পদ্ধতিতে সম্পন্ন করতে হবে।

**১১) আবেদন পদ্ধতি:**

ক. যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

খ. চাকরি স্থায়ী হতে হবে।

গ. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের প্রত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

ঘ. আবেদনকারীগণের IELTS-এ ন্যূনতম Band Score ৬.০ হতে হবে এবং Individual Band Score একটির বেশী ৫.৫ গ্রহণযোগ্য হবে না/TOEFL-এ সমমান।

ঙ. চাকরি জীবনে যারা ইতোপূর্বে প্রেষণে/শিক্ষাছুটি প্রাপ্ত হয়ে দেশে/বিদেশে পিএইচডি/মাস্টার্স সম্পন্ন করেছেন তাঁদের আবেদন করার প্রয়োজন নেই।

চ. কর্মকর্তা নির্বাচনের ক্ষেত্রে কর্মকর্তার মেধাকে অগ্রাধিকার প্রদান করা হবে;

ছ. সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে প্রার্থীকে তা নিজস্ব তহবিল হতে বহন করতে হবে।

জ. নির্বাচিত বিষয়সমূহ:

- MSc in Nuclear Physics
- MSc in Energy Policy
- MSc in Renewable Energy
- MSc in Cyber Security
- MSc in Big Data Analytics/ Big Data
- MSc/MA in Food Safety/ Food Safety and Nutrition
- Master in Thermal Sciences and Energy
- MSc in Procurement and Supply Chain Management
- MSc in Global Supply Chain Management
- Master of Negotiation and Conflict Resolution/ Conflict Management
- MSc in Sustainability Science/ Sustainability Leadership
- MA/MSc in Economic Policy
- MA/MSc in Climate Change and Development
- MA in Public Policy / Governance
- MA/MSc in Human Resource Management/ Leadership
- MA in Economics
- MA in International Relations
- MSc in Technology and Innovation
- MSc in Information and Communication Technology (ICT)
- MSc in Astronomy and Astrophysics
- MSc in Public Health (MPH)/ Global Health Leadership
- Master of International Trade
- Master of Peace and Conflict Studies
- MSc in Environmental Policy
- MSc in Blue Economy and Ocean Sustainability/ Sustainable Blue Economy/ Maritime Economy এবং আবেদনকারী কর্মকর্তাদের ক্যাডার সংশ্লিষ্ট সমসাময়িক গুরুত্বপূর্ণ বিষয়সমূহ।

ঞ. আবেদনকারী কর্মকর্তার আবেদনের বিষয় আবশ্যিকভাবে তাঁর চাকরির সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

ট. মাস্টার্স পর্যায়ে 'Statement of Purpose (SOP)' এবং ব্যক্তিগত কর্মপরিধি, অভিজ্ঞতা এবং নবলব্ধ জ্ঞান ও প্রযুক্তি ব্যবহারে প্রস্তাবিত অধ্যয়নের প্রাসঙ্গিক বিষয়ে ইংরেজিতে ১০০০ (এক হাজার) শব্দে আবেদনকারী কর্তৃক মৌলিক লিখিত বর্ণনাসহ আবেদন করতে হবে। উক্ত SOP ও পূরণকৃত আবেদনপত্রের সফটকপি (উভয়টি MS Word ও PDF ফরমেটে) আবেদনকারী নাম, ক্যাডার ও আইডিসহ নামকরণপূর্বক [File Name: <Name><Cadre><ID-যদি থাকে>](**pcell2@mopa.gov.bd**) ই-মেইলে নির্ধারিত সময়ের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

ঠ. যে কোন পর্যায়ে ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

আগ্রহী কর্মকর্তাগণকে বর্ণিত শর্তাদি যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ৩০.০৬.২০২৫ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নির্ধারিত ফরমে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন প্রেরণ করতে হবে। পূরণকৃত আবেদনপত্র এবং প্রয়োজনীয় সকল ডকুমেন্ট যথাযথ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। আবেদনপত্রের নমুনা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) হতে ডাউনলোড করা যাবে।

২৮/০৫/২৫

(এ এন এম মঈনুল ইসলাম)
প্রকল্প পরিচালক
ও
অতিরিক্ত সচিব
জনপ্রশাসন মন্ত্রণাল
ফোন: +৮৮০২৫৫১০০৭৫৯